

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৮৪. হারাম বস্তু দিয়ে চিকিৎসা করা

হারাম বস্তু দিয়ে চিকিৎসা করাও হারাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

إِنَّ اللهَ تَعَالَى خَلَقَ الدَّاءَ وَالدَّواءَ، فَتَدَاوَوْا، وَلَا تَتَدَاوَوْا بِحَرَامٍ.

"নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা রোগ সৃষ্টি করেছেন এবং তার সাথে তার চিকিৎসাও। সুতরাং রোগ হলে তোমরা তার চিকিৎসা করো। তবে হারাম বস্তু দিয়ে চিকিৎসা করো না"। (স্বা'হী'হুল-জা'মি', হাদীস ১৬৩৩)

আল্লাহ্ তা'আলা হারাম বস্তুর মধ্যে এ উম্মতের জন্য কোন চিকিৎসাই রাখেননি।

উম্মে সালামাহ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

إِنَّ اللهَ لَمْ يَجْعَلْ شِفَاءَكُمْ فِيْمَا حَرَّمَ عَلَيْكُمْ.

''আল্লাহ্ তা'আলা হারাম বস্তুর মধ্যে তোমাদের জন্য কোন চিকিৎসা রাখেননি''। (বাইহাকী, হাদীস ১৯৪৬৩ ইব্দু হিববান খন্ড ৪ হাদীস ১৩৯১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6860

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন